#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৫৩. ম্যাট বা গদির ওপর মুক্ত হাতে ব্যায়াম করাকে কী বলে? (জ্ঞান)

- Ⓐ রোমান রিং ৳ ক্লাইম্বিং রোপ  
● এডুকেশনাল জিমন্যাস্টিকস ৴ ফ্রিজবি এক্সারসাইজ

১৫৪. এডুকেশনাল জিমন্যাস্টিকস কীসের উপর করতে হয়? (জ্ঞান)

- Ⓐ ম্যাট ● ম্যাট ৳ বালি ৴ ভল্টিং বক্স

১৫৫. ব্যায়ামের আগে শরীর গরম করে নেয়ার সুবিধা কোনটি? (অনুধাবন)

- ব্যায়াম অনুশীলনে সুবিধা হয় ৳ দুর্ঘটনা ঘটানোর আশঙ্কা থাকে না  
৳ অঙ্গপ্রত্যঙ্গের সুষ্ঠু সমন্বয় ঘটে ৴ ব্যায়ামে আনন্দ পাওয়া যায়

১৫৬. হেড স্প্রিং— এ ভল্টিং বক্সের উচ্চতা নির্ধারিত হবে কোনটি অনুসারে? (জ্ঞান)

- শিবাথীদের উচ্চতা ৳ শিবাথীদের বয়স  
৳ শিবাথীদের ওজন ৴ শিবাথীদের মতামত

১৫৭. হেড স্প্রিং করার জন্য ভল্টিং বক্স থেকে কত ফুট দূর থেকে দৌড়ে আসতে হয়? (প্রয়োগ)

- ১৫-২০ ৳ ২০-২২ ৴ ২৩-২৫ ৴ ২২-২৪

১৫৮. হেড স্প্রিং নামকরণের কারণ কী? (অনুধাবন)

- Ⓐ এই ব্যায়ামে মাথা শক্ত হয়  
৳ মাথায় আঘাত পাওয়ার সম্ভাবনা থাকে  
● মাথা লাগিয়ে এই ব্যায়াম করতে হয়  
৴ মাথাকে সুরা করার কৌশল শেখা যায়

১৫৯. জাবদে প্রথমবারের মতো হেড স্প্রিং অনুশীলন করতে যাচ্ছে। তার কী করা উচিত? (প্রয়োগ)

- Ⓐ মাটিতে অনুশীলন করা ৳ ম্যাট ছাড়া অনুশীলন করা  
● সাহায্যকারীর সাহায্য নেওয়া ৴ দেয়ালের সাহায্যে অনুশীলন করা

১৬০. হেড স্প্রিংয়ে সাহেদকে সাহায্য করবে আবিদ। সাহেদ যখন ব্যায়ামটি অনুশীলন করবে তখন আবিদ কোথায় অবস্থান করবে? (প্রয়োগ)

- Ⓐ ভল্টিং বক্সের ডান পাশে ৳ ভল্টিং বক্সের বাম পাশে  
● ভল্টিং বক্সের মাথায় ৴ ভল্টিং বক্সের নিচে

১৬১. তাহসানের একটি প্রিয় ব্যায়াম হলো নেক স্প্রিং। তাহসানের ব্যায়ামটি নিচের কোনটির সাথে অনেকটা মিল রয়েছে? (প্রয়োগ)

- Ⓐ হ্যান্ড স্প্রিং ৳ লেগ স্প্রিং ৴ হেড স্ট্যান্ড ● হেড স্প্রিং

১৬২. ঘাড় লাগিয়ে কোন ব্যায়ামটি করা হয়? (জ্ঞান)

- Ⓐ হ্যান্ড স্প্রিং ৳ হেড স্প্রিং ৴ লেগ স্প্রিং ● নেক স্প্রিং

১৬৩. নেক স্প্রিং কীসে করতে হয়? (জ্ঞান)

- ভল্টিং বক্স ৳ মাঠে ৴ মাটিতে ৴ বিছানায়

১৬৪. হ্যান্ড স্প্রিং কোথায় করতে হবে? (জ্ঞান)

- Ⓐ বক্স ● মাটিতে ৴ মাথায় ৴ হাতে

১৬৫. হ্যান্ড স্প্রিং করার ক্ষেত্রে স্টেপ নেওয়া যেতে পারে কয়টি? (জ্ঞান)

- Ⓐ এক-দুইটি ● দুই-তিনটি ৳ তিন-চারটি ৴ চার-পাঁচটি

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৬৬. এডুকেশনাল জিমন্যাস্টিকসের কর্মসূচি নির্ধারিত হয়— (অনুধাবন)

- i. শিবাথীদের বয়সভেদে ii. শিবাথীদের উচ্চতাভেদে  
iii. শিবাথীদের লিঙ্গভেদে  
নিচের কোনটি সঠিক?

- Ⓐ i ও ii ● i ও iii ৳ ii ও iii ৴ i, ii ও iii

১৬৭. লিটন প্রথমবারের মতো এডুকেশনাল জিমন্যাস্টিকস অনুশীলন করতে যাচ্ছে। দুর্ঘটনা এড়াতে ব্যায়াম শুরুর পূর্বে সে— (অনুধাবন)

- i. শরীর ভালোভাবে গরম করে নিবে  
ii. একজন সাহায্যকারী যোগাড় করবে  
iii. মাঠ ও সরঞ্জামগুলো ভালোভাবে পরীক্ষা করে নিবে  
নিচের কোনটি সঠিক?

- Ⓐ i ও ii ৳ i ও iii ৴ ii ও iii ● i, ii ও iii

১৬৮. হেড স্প্রিং ও নেক স্প্রিংয়ের মধ্যে যেসব বিষয়ে মিল রয়েছে— (অনুধাবন)

- i. ভল্টিং বক্সের ব্যবহার  
ii. দুই হাতে ভর দিয়ে সুইং করা  
iii. দুই পা একত্রে করে ল্যান্ডিং করা  
নিচের কোনটি সঠিক?

- Ⓐ i ও ii ৳ i ও iii ৴ ii ও iii ● i, ii ও iii



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

## বিডি সাইন্স একাডেমী

শ্রেণি: অষ্টম

বিষয়: শারীরিক শিবা ও স্বাস্থ্য, লেবচর শিট ▶ ৮

১৬৯. জরিফ ২০ ফুট দূর থেকে দৌড়ে এসে দুই হাত বজ্রের উপর রেখে দুই হাতের উপর ভর দিয়ে সুইং করে ল্যান্ডিং করল। জরিফের অনুশীলনের সাথে যেসব ব্যায়ামের মিল আছে— (প্রয়োগ)

- হেড স্প্রিং
- হেড স্ট্যান্ড
- নেক স্প্রিং

নিচের কোনটি সঠিক?

- Ⓐ i ও ii      ● i ও iii      Ⓒ ii ও iii      Ⓓ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭০ ও ১৭১ নং প্রশ্নের উত্তর দাও :

মুকিটের স্কুলে শারীরিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সে ভল্টিং বজ্রের সাহায্যে একটি ব্যায়াম অনুশীলন করছে। নিজের উচ্চতা অনুযায়ী সে ভল্টিং বজ্রের উচ্চতা নির্ধারণ করেছে।

১৭০. মুকিট নিচের কোন ব্যায়ামটি অনুশীলন করছে? (প্রয়োগ)

- হেড স্প্রিং      Ⓐ হ্যান্ড স্প্রিং      Ⓒ সিট আপ      Ⓓ রুইন্সিং রোপ

১৭১. মুকিট ব্যায়াম অনুশীলনের সময় দুর্ঘটনা এড়াতে— (প্রয়োগ)

- একজন সাহায্যকারীর সাহায্য নিতে পারে
- একজন তত্ত্বাবধায়ক নিয়োগ দিতে পারে
- ম্যাট বা গতির উপর ব্যায়াম অনুশীলন করবে

- Ⓐ i ও ii      ● i ও iii      Ⓒ ii ও iii      Ⓓ i, ii ও iii



### এ অধ্যায়ের পাঠ সমন্বিত বহুনির্বাচনি প্রশ্নোত্তর



১৭২. প্রতিদিন পরিমিত ব্যায়াম করলে— (অনুধাবন)

- দেহ কাঠামো সুদৃঢ় ও সবল হয়
- দেহ ও মনের সুখম উন্নতি সাধিত হয়
- শরীরের ক্লান্তি ও মানসিক অবসাদ দূর হয়

নিচের কোনটি সঠিক?

- i ও ii      Ⓐ i ও iii      Ⓒ ii ও iii      Ⓓ i, ii ও iii

১৭৩. সরঞ্জামবিহীন ব্যায়াম— (অনুধাবন)

- শরীরের গতি বৃদ্ধি করে
- তলপেটের মেদ কমায়
- হাতের শক্তি বাড়ায়

নিচের কোনটি সঠিক?

- Ⓐ i ও ii      Ⓒ i ও iii      Ⓓ ii ও iii      ● i, ii ও iii

১৭৪. সরঞ্জামসহ ব্যায়াম হলো— (প্রয়োগ)

- রুইন্সিং রোপ
- হ্যান্ড স্প্রিং
- সখা নৃত্য

নিচের কোনটি সঠিক?

- Ⓐ i ও ii      ● i ও iii      Ⓒ ii ও iii      Ⓓ i, ii ও iii

১৭৫. যেসব ব্যায়াম অনুশীলনে সাহায্যকারী প্রয়োজন হয়— (প্রয়োগ)

- হ্যান্ড স্ট্যান্ড
- হেড স্প্রিং
- বল পাসিং

নিচের কোনটি সঠিক?

- i ও ii      Ⓐ i ও iii      Ⓒ ii ও iii      Ⓓ i, ii ও iii

১৭৬. শিক্ষার্থীরা চিত্তবিনোদনের পাশাপাশি প্রতিভা বিকাশের সুযোগ পায়— (অনুধাবন)

- শিবা মূলক গ্রন্থাবলি পাঠ করে
- আবৃত্তি ও সংগীতে অংশগ্রহণ করে
- লড়ি নৃত্যে অংশগ্রহণ করে

নিচের কোনটি সঠিক?

- Ⓐ i ও ii      Ⓒ i ও iii      ● ii ও iii      Ⓓ i, ii ও iii

১৭৭. এডুকেশনাল জিমন্যাস্টিকস অনুশীলনের পূর্বে— (অনুধাবন)

- স্প্রিং এক্সারসাইজ অনুশীলন করতে হয়
- মাঠে ম্যাট বা গদি বিছিয়ে নিতে হয়
- মাঠ ও সরঞ্জাম ভালোভাবে পরীক্ষা করতে হয়

নিচের কোনটি সঠিক?

- Ⓐ i ও ii      Ⓒ i ও iii      Ⓓ ii ও iii      ● i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭৮ ও ১৭৯ নং প্রশ্নের উত্তর দাও :

রিয়ানের বয়স ১২ বছর। শারীরিক সুস্থতার জন্য সে প্রতিদিন সুখম খাদ্য গ্রহণের পাশাপাশি পরিমিত ব্যায়াম করে এবং প্রয়োজনমতো ঘুমায়। সে তার অবসর সময় আবৃত্তি ও সংগীতচর্চা করে।

১৭৮. রিয়ান প্রতিদিন কত ঘণ্টা ঘুমায়? (প্রয়োগ)

- Ⓐ ৬-৮      ● ৮-৯      Ⓒ ৯-১০      Ⓓ ১০-১১

১৭৯. রিয়ানের বিনোদন মাধ্যমটি তাকে সহায়তা করে— (উচ্চতর দরভা)

- জ্ঞান অর্জনে
- চিত্তবিনোদনে
- প্রতিভা বিকাশে

নিচের কোনটি সঠিক?

- Ⓐ i ও ii      Ⓒ i ও iii      ● ii ও iii      Ⓓ i, ii ও iii



### অনুশীলনার সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর



প্রশ্ন ১ ১ ৥ পরিমিত বিশ্রাম ও ঘুম সুস্থ থাকতে সহায়তা করে— ব্যাখ্যা কর।

উত্তর : আমাদের দেহে খাদ্য ও পানির যেমন প্রয়োজন রয়েছে তেমনই বিশ্রাম ও ঘুমেরও প্রয়োজন রয়েছে। শুধু ব্যায়াম করলেই শরীর সুস্থ রাখা যায় না। শরীর সুস্থ রাখার জন্য ব্যায়ামের পর শরীর ও মনের বিশ্রাম এবং ঘুমের প্রয়োজন। চলফেরা, কাজকর্ম ও ব্যায়ামের পর শরীর পরিশ্রান্ত হয়, শরীরের জীবকোষগুলো বয় হতে থাকে। তখন আমরা অবসাদগ্রস্ত হয়ে পড়ি। শরীরের জীবকোষগুলোর বয়পূরণ ও পূর্বাবস্থায় ফিরে আসার জন্য বিশ্রামের প্রয়োজন। বিশ্রামে শরীরের ক্লান্তি ও অবসাদ দূর হয়। বিশ্রাম ও ঘুমের পরিবেশ শান্ত ও নির্জন হওয়া দরকার। এতে দেহ ও মনের বিকাশ অব্যাহত থাকে। ঘুমের সময় দেহের সমস্ত অঙ্গপ্রত্যঙ্গ স্থির হয়ে পূর্ণ বিশ্রামে থাকে এবং শ্বাসপ্রশ্বাস ও হজমশক্তির কাজ সুশৃঙ্খলভাবে চলতে থাকে। ফলে শারীরিক সুস্থতা বজায় থাকে। এভাবে পরিমিত বিশ্রাম ও ঘুম আমাদের সুস্থ থাকতে সহায়তা করে।

প্রশ্ন ১ ২ ৥ 'সুস্থ দেহে সুন্দর মন'— উক্তিটি ব্যাখ্যা কর।

উত্তর : শরীর সুস্থ না থাকলে মন ভালো থাকে না। ফলে কোনো কাজ সঠিকভাবে সম্পূর্ণ করা যায় না। কোনো কাজ সঠিকভাবে সম্পাদন এবং স্বাচ্ছন্দ্যে জীবনযাপনের জন্য প্রয়োজন নিজেকে সুস্থ রাখা। আর শরীর সুস্থ রাখার জন্য প্রয়োজন নিয়মিত ব্যায়াম। নিয়মিত ব্যায়াম করলে দেহের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গের সুখম উন্নয়ন ঘটে, বিভিন্ন তন্ত্রের কাজের মধ্যে সমন্বয় ঘটে, দেহ সচল থাকে। ফলে দেহ সুস্থ থাকে আর মনও ভালো থাকে। কারণ মন ছাড়া দেহ এককভাবে চলতে পারে না, দেহ হচ্ছে মনের আধার। তাই 'সুস্থ দেহে সুন্দর মন' একটি প্রতিষ্ঠিত প্রবাদ হিসেবে সমাজে স্বীকৃত।

প্রশ্ন ১ ৩ ৥ এবডোমিনাল এক্সারসাইজ মূলত শরীরের গতি বৃদ্ধিতে সহায়তা করে— মতামত দাও।

**উত্তর :** এবডোমিনাল এক্সারসাইজ মূলত শরীরের গতি বৃদ্ধিতে সহায়তা করে— এ ব্যাপারে আমি একমত। কেননা এবডোমিনাল এক্সারসাইজ বলতে তলপেটের ব্যায়াম করাকে বোঝায়। যেমন : সিটআপ, পুশ আপ ইত্যাদি। হাঁটচলা কম করে দিনের বেশির ভাগ সময় বসে কাজ করলে কিংবা খাদ্যাভ্যাসের কারণে অনেক সময় আমাদের পেটের মেদ বেড়ে যায়। ফলে আমাদের চলাফেরা ও কাজকর্ম করতে কষ্ট হয়। আর এই কষ্টের পরিমাণ যত বেশি হয় আমাদের কাজের গতি তত হ্রাস পায়। অর্থাৎ পেটের অতিরিক্ত মেদ আমাদের কাজের গতি হ্রাস করে দেয়। তাই যারা নিয়মিত এবডোমিনাল এক্সারসাইজ অনুশীলন করে তাদের পেটে বাড়তি মেদ জমতে পারে না। ফলে তারা দ্রুতগতিতে চলাফেরা ও কাজকর্ম করতে পারে। তাই প্রত্যভাবে না হলেও পেটের মেদ কমানোর মাধ্যমে পরোবভাবে এবডোমিনাল এক্সারসাইজ শরীরের গতি বৃদ্ধিতে সহায়তা করে।

**প্রশ্ন ১৪ ১ ১ কোলাহলপূর্ণ পরিবেশ সুস্থ দেহ ও মনের বিকাশকে বাধাগ্রস্ত করে— ব্যাখ্যা কর।**

**উত্তর :** প্রতিদিন ব্যায়াম ও পরিশ্রম করার ফলে আমাদের শরীরের জীবকোষগুলো বয় হয়। তখন আমরা অবসাদগ্রস্ত হয়ে পড়ি। এই বয়পূরণ এবং কর্মোদ্যম পুনরবজ্জীবিত করার জন্য পূর্ণ বিশ্রামের

প্রয়োজন। বিশ্রাম করলে বয়প্রাপ্ত জীবকোষগুলো পূর্বাবস্থায় ফিরে আসে এবং শরীরের ক্লান্তি ও মানসিক অবসাদ দূর হয়। ঘুম আমাদের শরীর ও মনকে বিশ্রাম দেয়। প্রকৃতপক্ষে ঘুম আমাদের মস্তিষ্কসহ সকল অঙ্গপ্রত্যঙ্গকে পূর্ণ বিশ্রাম দেয়। তাই ঘুম ভালো হলে শরীর ও মন সতেজ থাকে। তবে ঘুম ভালো হওয়ার পূর্বশর্ত হলো ঘুমের পরিবেশ শান্ত ও নির্জন হওয়া। কেননা কোলাহলপূর্ণ পরিবেশে চারদিকের শব্দ মস্তিষ্কে প্রবেশ করায় মস্তিষ্কের বিশ্রামে ব্যাঘাত ঘটে। আর প্রয়োজনের সময় মস্তিষ্ককে বিশ্রাম দিতে না পারলে আমাদের দেহ ও মনের বিকাশ ব্যাহত হবে। ফলে আমরা শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ব। তাই বলা যায়, কোলাহলপূর্ণ পরিবেশ সুস্থ দেহ ও মনের বিকাশকে বাধাগ্রস্ত করে।

**প্রশ্ন ১৫ ১ ১ যত ব্যাধির বালাই**

**বলবে পালাই পালাই—কীভাবে? ব্যাখ্যা কর।**

**উত্তর :** ‘যত ব্যাধির বালাই—বলবে পালাই পালাই’—এটা লড়ি নৃত্যের একটা গান। বাংলাদেশের জনপ্রিয় আঞ্চলিক নৃত্যগুলোর মধ্যে লড়ি নৃত্য অন্যতম। গানের তালে তালে নাচের মাধ্যমে মনের ভাব প্রকাশ করতে সকলেই পছন্দ করে। লড়ি নৃত্যের মাধ্যমে সহজেই আনন্দের সাথে দৈহিক ব্যায়াম ও অঙ্গ-ভঙ্গিমা প্রদর্শন করা যায়। তাই নিয়মিত লড়ি নৃত্য অনুশীলনে দেহের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গের উন্নতি সাধিত হয় এবং রোগ প্রতিরোধ বমতা বৃদ্ধি পায়। ফলে আমরা দৈহিকভাবে সুস্থ থাকি। দেহ হচ্ছে মনের আধার। তাই দেহ সুস্থ থাকলে মনও ভালো থাকে। আর দেহ ও মন ভালো থাকলে মানুষ সহজে রোগব্যাধিতে আক্রান্ত হয় না। আর যদি কখনো আক্রান্ত হয়ও সেবেগ্রে সে খুব দ্রুত আরোগ্য লাভে সক্ষম হয়। তাই বলা যায়, নিয়মিত ব্যায়াম অনুশীলনের মাধ্যমে খুব সহজেই আমরা বিভিন্ন রোগব্যাধি প্রতিরোধ করতে পারি।



## গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ১৬ ১ ১ বিশ্রাম, ঘুম এবং বিনোদনের প্রয়োজনীয়তা বর্ণনা কর।**

**উত্তর :** শরীর সুস্থ না থাকলে মন ভালো থাকে না। আর মন ভালো না থাকলে কোনো কাজ সঠিকভাবে সম্পন্ন করা যায় না। তাই দৈনন্দিন জীবনের যাবতীয় কার্যাবলি সঠিকভাবে সম্পাদন এবং স্বাস্থ্যস্বন্দ্য জীবনযাপনের জন্য শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকা প্রয়োজন। আর সুস্থ থাকার জন্য আমাদের দেহে যেমন খাদ্য ও পানির প্রয়োজন, তেমনি প্রয়োজন ঘুম ও বিশ্রাম। চলাফেরা, কাজকর্ম ও ব্যায়ামের পর শরীর পরিশ্রান্ত হয়, শরীরের জীবকোষগুলো বয় হতে থাকে। তখন আমরা অবসাদগ্রস্ত হয়ে পড়ি। শরীরের জীবকোষগুলোর বয়পূরণ ও পূর্বাবস্থায় ফিরিয়ে আনার জন্য বিশ্রাম প্রয়োজন। বিশ্রামে শরীরের ক্লান্তি ও অবসাদ দূর হয়। বিশ্রাম ও ঘুমের পরিবেশ শান্ত ও নির্জন হওয়া দরকার। এতে শরীর ও মনের বিকাশ অব্যাহত থাকে। ঘুমের সময় দেহের সমস্ত অঙ্গপ্রত্যঙ্গ স্থির হয়ে পূর্ণ বিশ্রামে থাকে এবং শ্বাসপ্রশ্বাস ও হজম শক্তির কাজ সুশৃঙ্খলভাবে চলতে থাকে। আর বিনোদন হচ্ছে আনন্দ লাভের উপায়। মানুষ তার কর্মব্যস্ত জীবনে পরিবার-পরিজন, আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবের সাথে কিছুটা সময় আনন্দে, হাসিখুশিতে কাটানোর জন্য যেসব ব্যবস্থা গ্রহণ করে তাই বিনোদন। বিনোদনের মাধ্যমে মন সতেজ থাকে এবং মনের সৃষ্টি বিকাশ ঘটে। তাই মানব জীবনে বিশ্রাম, ঘুম এবং বিনোদনের প্রয়োজনীয়তা অপরিণীম।

**প্রশ্ন ১৭ ১ ১ শারীরিক সুস্থতার জন্য ব্যায়ামের প্রভাব সংক্ষেপে আলোচনা ব্যাখ্যা কর।**

**উত্তর :** দৈহিক ও মানসিক স্বাস্থ্য বজায় রাখা এবং আনন্দ লাভের জন্য নিয়মিতভাবে অঙ্গ চালনা করার নামই ব্যায়াম। ব্যায়াম দেহ ও মনকে বলিষ্ঠ এবং সৎযত করে। ফলে শক্তি ও সহিষ্ণুতা বাড়ে, হৃদপিণ্ড দৃঢ় হয়, হজমশক্তি ও রোগ প্রতিরোধ বমতা বৃদ্ধি পায়। শরীরের শক্তি ও সামর্থ্য অনুযায়ী ব্যায়ামের বিষয় নির্বাচন করতে হয়। পরিমিত ব্যায়াম স্বাস্থ্যের উন্নতির জন্য সহায়ক। ব্যায়াম অনুশীলনে তাড়াহুড়া না করে কিছুবর্ণ বিরতি দিয়ে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত করলে শারীরিক শক্তি বৃদ্ধি পায়। অনিয়মিত, অসময় এবং যথেষ্ট ব্যায়াম করা উচিত নয়। শিশুর দৈহিক অঙ্গপ্রত্যঙ্গের বৃদ্ধির সাথে সাথে ব্যায়াম তথা শরীরচর্চা কর্মসূচিতেও পরিবর্তন আনতে হয়। পরিমিত ব্যায়াম দেহের আস্থি, মাংসপেশি ও অন্যান্য গুরুত্বপূর্ণ অঙ্গের সুস্থ বৃদ্ধি ঘটায়। ব্যায়ামের কার্যক্রম বয়স ও লিঙ্গভেদে



নির্দিষ্ট সময়ে ও মাত্রায় পরিচালনা করতে হয়। বয়স বৃদ্ধির সাথে সাথে ব্যায়ামের কর্মসূচি সহজ থেকে ক্রমশ কঠিনতর হবে এবং ক্রমাগত উন্নততর হবে। এভাবে ব্যায়াম অনুশীলনের ধারাবাহিকতা রবা করতে হয়। ব্যায়াম অনুশীলনের কর্মসূচিতে কখনোই দীর্ঘবিরতি থাকে না। ব্যায়াম অনুশীলনের সময় অঙ্গপ্রত্যঙ্গের ব্যায়ামের ধারাবাহিকতা ঠিক রাখতে হয়। যেমন : ব্যায়াম মাথা থেকে শুরব করে ধীরে ধীরে পা পর্যন্ত এসে শেষ করতে হয়। এতে শারীরিক গঠন দ্রুত বৃদ্ধি পায় এবং অঙ্গপ্রত্যঙ্গ ও শারীরিক কাঠামো সুদৃঢ় হয়।

**প্রশ্ন ১৮ ১ ১ ৫ থেকে ১৫ বছরের ছাত্রছাত্রীদের ঘুমের প্রয়োজনীয়তার তালিকা প্রস্তুত কর।**

**উত্তর :** শিশুদের বয়স ও শারীরিক গঠনের উপর ভিত্তি করে শিশুদের বিশ্রাম ও ঘুমের চাহিদার তারতম্য ঘটে। যারা শিশু, তাদের ঘুমের চাহিদা এক রকম। আবার যারা কিশোর, তাদের ঘুমের চাহিদা আরেক রকম। যাদের শারীরিক বৃদ্ধি বেশি তাদের ঘুমের প্রয়োজন আর যাদের শারীরিক বৃদ্ধি কম তাদের ঘুমের প্রয়োজন এক রকম নয়। শৈশবকাল হচ্ছে শিশুর বেড়ে ওঠার সময়। এ সময় শিশু যেমন শারীরিকভাবে বৃদ্ধিপ্রাপ্ত হয়, তেমনি তার মানসিক বিকাশও ঘটে। তাই এ সময় শিশুকে খেলাধুলার সুযোগ করে দিতে হয়। খেলাধুলা করার পর কিছুবর্ণ বিশ্রাম নিলে শারীরিক ক্লান্তি দূর হয়। যেসব শিশুর শারীরিক বৃদ্ধি বেশি, তারা অল্প পরিশ্রমে ক্লান্ত হয়ে পড়ে। তাই এদের ঘুমের প্রয়োজন হয় বেশি। নিচে ৫ থেকে ১৫ বছরের ছাত্রছাত্রীদের ঘুমের প্রয়োজনীয়তার একটি তালিকা দেয়া হলো—

ক্রমিক নং	শিশুর বয়স	ঘুমের প্রয়োজন
১.	৫ থেকে ৭ বছর	১০-১১ ঘণ্টা
২.	৮ থেকে ১১ বছর	৯-১০ ঘণ্টা
৩.	১২ থেকে ১৪ বছর	৮-৯ ঘণ্টা
৪.	১৫ বছরের উর্ধ্ব	৬-৮ ঘণ্টা

শিবাধীদের শারীরিক বৃদ্ধি ও মানসিক বিকাশ নিশ্চিত করার জন্য তাদের মধ্যে উপরিউক্ত চার্ট অনুযায়ী ঘুমের অভ্যাস গড়ে তুলতে হবে।



## অতিরিক্ত সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর



**প্রশ্ন ৯ ৥** ফ্রি হ্যান্ড এক্সারসাইজ বলতে কী বোঝ? উদাহরণসহ ব্যাখ্যা কর।

**উত্তর :** কোনো ধরনের সরঞ্জাম ছাড়া যেসব ব্যায়াম করা হয়, তাকে সরঞ্জামবিহীন ব্যায়াম বলে। জিমন্যাস্টিকের ভাষায় এ ধরনের ব্যায়ামকে বলা হয় ফ্রি হ্যান্ড এক্সারসাইজ বা খালি হাতের ব্যায়াম। নিচের কয়েকটি ফ্রি হ্যান্ড এক্সারসাইজের বর্ণনা দেয়া হলো—

১. **স্পিড এক্সারসাইজ :** শরীরের গতি বৃদ্ধির জন্য যে ব্যায়াম করা হয় তাকে স্পিড এক্সারসাইজ বলে। এ ধরনের ব্যায়ামে প্রথমে আস্তে আস্তে দৌড়ে শরীর গরম করে নিতে হয়। তারপর বিভিন্ন ধরনের ব্যায়ামের মাধ্যমে শরীরের অঙ্গপ্রত্যঙ্গগুলো ব্যায়ামের উপযোগী হওয়ার পর গতি বাড়ানোর জন্য অল্প দূরত্বে বারবার জোরে দৌড়াতে হয়।
২. **এবডোমিনাল এক্সারসাইজ :** যখন শুধু তলপেটের মেদ কমানোর জন্য বিশেষ কিছু ব্যায়াম করা হয়, তাকে এবডোমিনাল এক্সারসাইজ বলে। যেমন : সিট আপ, হাঁটু ভেঙে সিট আপ, দুই পা শূন্যে তুলে রাখা ইত্যাদি।
৩. **হ্যান্ড স্ট্যান্ড :** দুই হাত সোজা করে মেঝেতে রেখে দুই পা আকাশের দিকে সোজা করে কিছুবরণ রাখাই হলো হ্যান্ড স্ট্যান্ড। এই ধরনের ব্যায়াম অনুশীলনে প্রথমে দেয়াল বা সাহায্যকারীর সাহায্য নিতে হয়। পরে সাহায্যকারীর সাহায্য ছাড়া অনুশীলনের চেষ্টা করতে হয়।
৪. **হেড স্ট্যান্ড :** দুই হাতের মাঝখানে কপাল মেঝেতে রেখে দুই পা আকাশের দিকে সোজা করে কিছুবরণ রাখাই হলো হেড স্ট্যান্ড। উঠার সময় মাথা ভিতর দিকে দিয়ে সম্মুখে ডিগবাজি দিয়ে উঠে পড়তে হবে।

**প্রশ্ন ১০ ৥** এবডোমিনাল এক্সারসাইজ সম্পর্কে বিস্তারিত লেখ।

[যশোর জিলা স্কুল; পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, বগুড়া]

**উত্তর :** সরঞ্জাম ছাড়া যেসব ব্যায়াম অনুশীলন করা যায় এবডোমিনাল এক্সারসাইজ তাদের মধ্যে অন্যতম। এবডোমিনাল এক্সারসাইজ বলতে তলপেটের ব্যায়াম করাকে বোঝায়। যখন শুধু তলপেটের মেদ কমানোর জন্য বিশেষ কিছু ব্যায়াম করা হয় তাকে এবডোমিনাল এক্সারসাইজ বলে। নিচে কয়েকটি এবডোমিনাল এক্সারসাইজের বর্ণনা দেয়া হলো:

১. **সিট আপ :** সিট আপ ব্যায়াম অনুশীলনের সময় চিৎ হয়ে শুয়ে দুই হাত মাথার নিচে দিয়ে দুই পা একত্র করে সোজা রাখতে হয়। তারপর মাথা উপর দিকে তুলে যতটা সম্ভব সামনে ঝুঁকতে হয়। এভাবে একের পর এক শরীর ওঠানামা করাতে হয়। তবে কোনো অবস্থাতেই পা বাঁকানো যায় না।
২. **হাঁটু ভেঙে সিট আপ :** শরীরের অবস্থান সিট আপ ব্যায়ামের মতো রেখে শুধু হাঁটু ভেঙে শরীরের উপরের অংশ ওঠানামা করাতে হয়। এভাবে যত বেশি সিট আপ দেয়া যায়, তত বেশি পেটের উপকার হয়।
৩. **দুই পা শূন্যে ধরে রাখা :** এই ব্যায়াম অনুশীলনের সময় চিৎ হয়ে শুয়ে মাথার নিচে দুই হাত দিয়ে দুই পা একত্রে ৮ ইঞ্চি শূন্যে তুলে রাখতে হয়। এভাবে এক মিনিট পর্যন্ত রাখার চেষ্টা করতে হয় এবং বারবার করতে হয়। এই ব্যায়ামগুলোর মাধ্যমে তলপেটের মেদ কমানো যায়।

**প্রশ্ন ১১ ৥** সরঞ্জামসহ ব্যায়ামের বর্ণনা দাও।

**উত্তর :** যে কোনো উদ্দেশ্য সামনে রেখে সরঞ্জাম নিয়ে ব্যায়াম করাকে সরঞ্জামসহ ব্যায়াম বলে। সাধারণত নির্দিষ্ট কোনো উদ্দেশ্য সাধনের জন্য সরঞ্জাম নিয়ে ব্যায়াম করা হয়। যেমন : হাতের শক্তি বৃদ্ধির জন্য ক্লাইম্বিং রোপ, ফ্রিজ্জিবি; শরীরের সমন্বয় ও হাতের শক্তি বৃদ্ধির জন্য রোমান রিং; শরীরের শক্তি ও নমনীয়তা বৃদ্ধির জন্য স্কিপিং রোপ ইত্যাদি। নিচে সরঞ্জামসহ কিছু ব্যায়ামের বর্ণনা দেওয়া হলো—

১. **ক্লাইম্বিং রোপ :** দড়ি বেয়ে উপরে উঠাই হলো ক্লাইম্বিং রোপ। রশি বেশি মোটা বা খুব চিকন হবে না। বেশি মোটা হলে ধরতে অসুবিধা হয় আবার চিকন হলে হাতে ব্যথা পাওয়ার আশঙ্কা বেশি থাকে। যেকোনো গাছের ডালে রশি বেঁধে ঝুলা বা বেয়ে উপরে উঠাই হলো ক্লাইম্বিং। প্রথমে উঠতে অসুবিধা হলে দড়ির

মাঝে গিট দিতে হবে, যাতে গিট ধরে ধরে উপরে উঠা যায়। এ ধরনের ব্যায়ামে হাতের শক্তি বাড়ে।

২. **বল পাসিং :** শিবাখীর সংখ্যা অনুসারে সারিতে দাঁড় করাতে হবে। প্রত্যেক সারিতে সমান সংখ্যক শিবাখী থাকবে। শিবাখীরা পা ফাঁক করে দাঁড়াবে। সারির সম্মুখের শিবাখীর নিকট বল থাকবে। সংকেতের সাথে সাথে দুই পায়ে ফাঁক দিয়ে বল পিছনে দিবে। এভাবে বলটি সারির পিছনের শিবাখীর নিকট যাবে। শেষ হলে বল মাথার উপর দিয়ে পাস দিয়ে সামনে আসবে। যে সারির বল পাস দেয়া আগে শেষ হবে তারা বিজয়ী হবে।

**প্রশ্ন ১২ ৥** বিনোদন বলতে কী বোঝ? শিক্ষামূলক বিনোদন বর্ণনা কর।

[খুলনা মডেল স্কুল এন্ড কলেজ]

**উত্তর :** বিনোদন : বিনোদন হচ্ছে আনন্দ লাভের উপায়। মানুষ তার কর্মব্যস্ত জীবনে পরিবার-পরিজন, আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবের সাথে কিছুটা সময় আনন্দে, হাসিখুশিতে কাটানোর জন্য যেসব ব্যবস্থা গ্রহণ করে তাই বিনোদন। সমাজে বসবাসরত মানুষের অগ্রহ ও চিন্তাধারা তিনু হওয়ায় বিনোদনের ধারাও তিনু। যেমন : ভ্রমণের মাধ্যমে বিনোদন; সিনেমা, টিভি, নাটক উপভোগের মাধ্যমে বিনোদন; বনভোজনের মাধ্যমে বিনোদন; বই পড়ার মাধ্যমে বিনোদন; গল্প করার মাধ্যমে বিনোদন ইত্যাদি।

**শিক্ষামূলক বিনোদনের বর্ণনা :** যে বিনোদনের মাধ্যমে কিছু শেখা যায়, তাকে শিবািমূলক বিনোদন বলে। নিচে শিবািমূলক বিনোদন লাভের বিভিন্ন উপায় বর্ণনা করা হলো—

১. **শিক্ষামূলক গ্রন্থাবলি পাঠ :** ধর্মীয় বই, উপন্যাস, ম্যাগাজিন ইত্যাদি পাঠ করে জ্ঞান লাভ করা যায়। এক্ষেত্রে কে, কী ধরনের গ্রন্থাবলি পাঠ করবে তা তার নিজের ব্যক্তিগত আগ্রহের ওপর নির্ভর করে।
২. **টিভি ও কম্পিউটারের অনুষ্ঠানের মাধ্যমে :** বর্তমানে টিভিতে খেলাধুলা, ম্যাগাজিন শো, বিতর্ক অনুষ্ঠান দেখে এবং কম্পিউটারে বিভিন্ন ধরনের গেম খেলে জ্ঞান অর্জনের পাশাপাশি চিন্তাবিনোদন করা যায়।
৩. **আবৃত্তি ও সংগীত :** শিবা প্রতিষ্ঠানের সাংস্কৃতিক অনুষ্ঠানে আবৃত্তি ও সংগীতে অংশগ্রহণ করেও প্রতিভা বিকাশের সুযোগ লাভের পাশাপাশি চিন্তাবিনোদন করা যায়।
৪. **ভ্রমণ :** শিবা প্রতিষ্ঠান বন্ধের সময় বা পরীবা শেষে শিবাখীরা আত্মীয়স্বজনের বাড়িতে বা বিভিন্ন দর্শনীয় স্থান দেখতে ভ্রমণকে বেছে নিতে পারে। ভ্রমণের জন্য কেউ কেউ দেশে বা বিদেশে বিভিন্ন ঐতিহাসিক দর্শনীয় স্থানে বেড়াতে যেতে পারে। এই সমস্ত ইতিহাসখ্যাত দর্শনীয় স্থানগুলো ভ্রমণ করে চিন্তাবিনোদনের সাথে সাথে জ্ঞান অর্জন করা যায়।

**প্রশ্ন ১৩ ৥** ব্রতচারী নৃত্য বলতে কী বোঝ? সখা নৃত্য ও বিজয় নৃত্যের কৌশল বর্ণনা কর।

**উত্তর :** ব্রতচারী নৃত্য : বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে চিন্তাবিনোদনের জন্য বহু ধরনের লোকগীতি প্রচলিত রয়েছে। এই লোকগীতির পথিকৃৎ গুরব সদয়দত্ত। তিনি লোকগীতির মাধ্যমে লোকনৃত্যের মধ্য দিয়ে জনসমাজকে জাতীয় চেতনায় উদ্বুদ্ধ করতে চেষ্টা করেছেন। তাঁর সৃষ্ট লোকনৃত্যকে ব্রতচারী নৃত্য হিসেবে অবিহিত করা হয়। এরূপ নৃত্য অনুশীলনের ফলে আমাদের চিন্তাবিনোদন ও স্বাস্থ্যোন্নতি ঘটে। ব্রতচারী নৃত্যগুলো হলো : ১. কাঠি নৃত্য, ২. ঝুমুর নৃত্য ও ৩. লড়ি নৃত্য।

সখা নৃত্য ও বিজয় নৃত্য হচ্ছে লড়ি নৃত্যের যথাক্রমে ৪র্থ ও ৬ষ্ঠ স্তর। নিচে এই দুই প্রকার নৃত্যের কৌশল বর্ণনা করা হলো—

**সখা নৃত্যের কৌশল :** ১ম সংকেতে শিবাখীরা ডান হাত দিয়ে বাম দিকের লড়ির এক প্রান্ত ধরে একটানে বের করে জানুর উপর দুই হাত দিয়ে ধরে দাঁড়াবে। ২য় সংকেতে লড়িসহ বাম হাত সোজা করে ওপরে ওঠাবে এবং সেদিকে তাকাবে। ডান পা বাম পায়ে উপর আড়াআড়ি রাখবে। ৩য় সংকেতে সব দল এভাবে নাচতে



নাচতে সামনের দিকে অগ্রসর হবে। নির্দিষ্ট স্থানে পৌঁছালে সব দল ঘুরে পূর্বের জায়গায় ফিরে এসে নাচতে থাকবে। ৪র্থ সত্কেতে নাচ থামবে। ৫ম সত্কেতে হুঁশিয়ার পজিশনে চলে যাবে।

**বিজয় নৃত্যের কৌশল :** ১ম সত্কেতে পায়ের তালের সাথে মাথা সামনের দিকে সামান্য ঝুকবে। এভাবে জায়গায় নাচতে থাকবে। ২য় সত্কেতে সাইডে ঘুরে ঘুরে নাচতে থাকবে। ৩য় সত্কেতে নাচ থেমে যাবে। ৪র্থ সত্কেতে সবাই এক লাফে ডান দিক ঘুরে দাঁড়াবে। ৫ম সত্কেতে লড়ি হুঁশিয়ার পজিশনের অবস্থায় নিয়ে আসবে।

**প্রশ্ন ১১৪ ৥ লড়ি নৃত্য কী? এই নৃত্যের যে কোনো দুইটি স্তর বর্ণনা কর।**

**উত্তর :** লড়ি নৃত্য : লড়ি নৃত্য হচ্ছে বাংলাদেশের জনপ্রিয় এক ধরনের আঞ্চলিক নৃত্য। এ ধরনের নৃত্যে গানের তালে তালে নাচের মাধ্যমে মনের ভাব প্রকাশ করা হয়। এই নৃত্যে মোট ছয়টি স্তর রয়েছে। যথা- ১. হুঁশিয়ার পজিশন, ২. পায়তারা, ৩. নৌকাবাইচ, ৪. সখা, ৫. মানুষ পোতা ও ৬. বিজয়। নিচে লড়ি নৃত্যের ৩য় ও ৫ম স্তর দুইটি বর্ণনা করা হলো-

**নৌকাবাইচ :** ১ম সত্কেতে বাজনা বাজাতে শুরব করবে। ২য় সত্কেতে শিবার্থীরা ডান হাত দ্বারা লড়ির মাথা ধরে একটানে ডান দিক দিয়ে ঘুরিয়ে কাঠি পিঠের উপর রাখবে। বাম হাত দিয়ে কাঠির নিচ প্রান্ত ধরে কাঠির সাহায্যে পিঠে চাপ দিবে। ৩য় সত্কেতে ছোট লাফ সহকারে বাম পা সামনে ও ডান পা পিছনে যাবে। উভয় হাঁটু সামান্য ভাঁজ করে। সামনে ঝুকবে থাকবে। ৪র্থ সত্কেতে নৌকার মতো দুলে দুলে পা দুটি সামনে ও পিছনে নিয়ে অগ্রসর হতে থাকবে। ৫ম সত্কেতে নির্দিষ্ট সীমারেখায় পৌঁছামাত্র পূর্বের জায়গায় ফিরে আসবে। ৬ষ্ঠ সত্কেতে আরম্ভ রেখায় এসে নাচতে থাকবে। ৭ম সত্কেতে নাচ বন্ধ হবে। ৮ম সত্কেতে লড়ি পিঠ থেকে টেনে এনে হুঁশিয়ার পজিশনে আসবে।

**মানুষ পোতা :** ১ম সত্কেতে ডান হাত দিয়ে লড়ির মাথা টেনে এনে মাথা কলমের মতো করে ধরে পিঠের সাথে রাখতে হবে। ২য় সত্কেতে ডান পা বাম দিকে ঘুরে শরীর বাঁকা করে সামনে ঝুকতে হবে। হাত ও পায়ের বিট একসাথে হবে। এভাবে নাচতে নাচতে একটি বৃত্ত করতে হবে। যতটি দল থাকবে ততটি বৃত্ত হবে। ৩য় সত্কেতে নাচ থামবে। ৪র্থ সত্কেতে লড়ি ঘুরিয়ে শরীরের পিছনে অর্থাৎ পিঠের উপর রাখতে হবে। ডান হাত কান বরাবর লড়িসহ উঁচু থাকবে।

**প্রশ্ন ১১৫ ৥ হ্যান্ড স্ট্যান্ড ও হেড স্ট্যান্ডের পার্থক্য বর্ণনা কর।**

**উত্তর :** হ্যান্ড স্ট্যান্ড ও হেড স্ট্যান্ড দুটো ব্যায়ামই ফ্রি হ্যান্ড এক্সারসাইজের অন্তর্ভুক্ত। এ ব্যায়াম অনুশীলনে কোনো সরঞ্জাম লাগে না। মাটিতেই এ ব্যায়াম করা যায়। তবে মাটির ওপর ম্যাট বিছিয়ে নিলে পড়ে গিয়ে ব্যথা পাওয়ার সম্ভাবনা থাকে না। নিচের এই দুটো ব্যায়ামে বিদ্যমান পার্থক্যসমূহ বর্ণনা করা হলো :

হ্যান্ড স্ট্যান্ড	হেড স্ট্যান্ড
১. হ্যান্ড স্ট্যান্ড হচ্ছে হাতের ব্যায়াম।	১. হেড স্ট্যান্ড হচ্ছে মাথার ব্যায়াম।
২. হ্যান্ড স্ট্যান্ড ব্যায়ামে অনুশীলনকারী দুই হাতের তালুতে ভর রেখে দাঁড়ায়।	২. হেড স্ট্যান্ড ব্যায়ামে অনুশীলনকারী কপাল ও দুই হাতের উপর ভর রেখে দাঁড়ায়।
৩. এই ব্যায়াম অনুশীলনে বাহু সোজা রেখে দুই হাতের তালু কাঁধ বরাবর শক্ত করে মেঝেতে রাখতে হয়।	৩. এই ব্যায়াম অনুশীলনে কপাল একটু সামনে ও দুই হাতের তালু কাঁধ বরাবর একটু পেছনের মেঝেতে ত্রিভুজের মতো করে স্থাপন করতে হয়।
৪. এবেত্রে মাথা মাটি থেকে ওপরে থাকে।	৪. এবেত্রে মাথা (কপাল) মাটি স্পর্শ করে থাকে।
৫. হ্যান্ড স্ট্যান্ড ব্যায়ামে দুই হাতের পাতা দুটি খুঁটি হিসেবে কাজ করে।	৫. হেড স্ট্যান্ড ব্যায়ামে দুই হাতের পাতা ও কপাল তিনটি খুঁটি হিসেবে কাজ করে।

**প্রশ্ন ১১৬ ৥ এডুকেশনাল জিমন্যাস্টিকসগুলো কী কী? বর্ণনা দাও।**

[খুলনা জিলা স্কুল]

**উত্তর :** ম্যাট বা গদির উপর মুক্ত হাতে শরীরের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গের ব্যায়াম করাকে এডুকেশনাল জিমন্যাস্টিকস বা শিবাশীলক জিমন্যাস্টিকস বলা হয়। শিবাশীলদের বয়স ও লিঙ্গভেদে এ ধরনের ব্যায়ামের কর্মসূচি নির্ধারণ করে অনুশীলন করাতে হয়। এ ধরনের ব্যায়ামের আগে শরীরকে ভালোভাবে গরম করে নিতে হয়। ব্যায়াম শুরব করার পূর্বে মাঠ এবং সরঞ্জামগুলো ভালোভাবে পরীবা করতে হবে যাতে দুর্ঘটনা ঘটার আশঙ্কা না থাকে। একজন সাহায্যকারী রাখতে হবে যেন অনুশীলন করার সময় দুর্ঘটনা না ঘটে। এডুকেশনাল জিমন্যাস্টিকসগুলো হলো- হেড স্প্রিং, নেক স্প্রিং, হ্যান্ড স্প্রিং। নিচে এগুলো বর্ণনা দেওয়া হলো-

**১. হেড স্প্রিং :** শিবাশীলদের উচ্চতা অনুসারে ভল্টিং বক্সের উচ্চতা নির্ধারণ করতে হবে। ভল্টিংয়ের পিছনে একটি ম্যাট থাকবে। যাতে পড়ার সময় ব্যথা না পায়। একজন সাহায্যকারী থাকবে। সে ভল্টিং বক্সের মাথায় বসে তাকে সাহায্য করবে। শিবাশীলকে ১৫-২০ ফুট দূর থেকে দৌড়ে আসতে হবে। দুই হাত বক্সের উপর রেখে মাথা বক্সের সাথে লাগিয়ে দুই হাতের উপর ভর দিয়ে বা হাঙ্কা দিয়ে শরীর সুইং করে দুই পা একত্রে করে ল্যান্ডিং করতে হবে। যেহেতু মাথা লাগিয়ে এ ব্যায়ামটি করতে হয়, সেজন্য এর নাম হেড স্প্রিং। যখন হাত দ্বারা পুশ দিবে, তখন সাহায্যকারী প্রয়োজন হলে সাহায্য করবে।

**২. নেক স্প্রিং :** নেক স্প্রিংও ভল্টিং বক্সে করতে হয়। সবকিছু হেড স্প্রিংয়ের মতো। শুধু মাথার পরিবর্তে ঘাড় লাগাতে হবে। কাছ থেকে আসতে দৌড়ে এসে ঘাড় বক্সের উপর রেখে দুই হাতের উপর ভর দিয়ে ল্যান্ডিং করতে হবে।

**৩. হ্যান্ড স্প্রিং :** হ্যান্ড স্প্রিং বক্সে না করে মাটিতে করতে হবে। হ্যান্ড স্প্রিং করার সময় ৪-৫ ফুট দূর থেকে দুই-তিন স্টেপ নিয়ে দুই হাত মাটিতে রাখার সাথে সাথে মাটিতে পুশ দিয়ে ঘুরে উঠে সোজা হতে হবে। যেহেতু হাতের উপর ভর বা পুশ দিয়ে উঠতে হয়, সেজন্য একে হ্যান্ড স্প্রিং বলে।

**প্রশ্ন ১১৭ ৥ হ্যান্ড স্ট্যান্ড ও হেড স্ট্যান্ড কীভাবে করতে হয়?**

[ধানমন্ডি গভ. বয়েজ হাই স্কুল]

**উত্তর :** হ্যান্ড স্ট্যান্ড এবং হেড স্ট্যান্ড এ দুটো ব্যায়ামই ফ্রি হ্যান্ড এক্সারসাইজের ভিতর পড়ে। এ ব্যায়াম করতে কোনো সরঞ্জাম লাগে না। মাটিতেই এ ব্যায়াম করা যায়। নিচে এই দুটো ব্যায়াম অনুশীলনের কৌশল বর্ণনা করা হলো-

**হ্যান্ড স্ট্যান্ড :** বাহু সোজা রেখে দুই হাতের তালু কাঁধ বরাবর সোজা করে মেঝেতে রাখতে হয়। দুই পা সামান্য আগে ও পিছে থাকবে। পিছনের পা প্রথমে উপরে ছুড়ে দেবে ও সাথে সাথে অন্য পা উপরে তুলে একত্র করে নিতে হয়। কোমরসহ হাঁটু ও পায়ের পাতা সোজা মাথার



উপর রাখতে চেষ্টা করবে। কোনো অবস্থাতেই কনুই ভাঁজ হবে না। প্রথমে দেয়ালে বা সাহায্যকারীর সাহায্যে এ ব্যায়াম অনুশীলন করতে হবে। ধীরে ধীরে সাহায্যকারী ছাড়াই এ ব্যায়াম অনুশীলন করার চেষ্টা করতে হবে।

**হেড স্ট্যান্ড :** কপাল একটু সামনে ও দুই হাতের তালু কাঁধ বরাবর একটু পিছনে মেঝেতে স্থাপন করতে হয়। দুই হাতের তালু ও কপালকে একটি ত্রিভুজের মতো করতে হয়। এবার কোমর সামনের দিকে টেনে কোমরসহ দুই পা উপরে তুলে দাও। দুই পা সোজা করে পায়ের মাথা সোজা পয়েন্টে রাখতে হবে। কপাল ও দুই হাতের উপর সমান ভর থাকবে। উঠার সময় মাথা ভিতর দিক দিয়ে সম্মুখে ডিগবাজি দিয়ে উঠে পড়তে হবে।

**প্রশ্ন ১৮ ৥ শারীরিক শিক্ষা কাকে বলে? শারীরিক শিক্ষার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।**

[আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]

**উত্তর :** শারীরিক শিক্ষা : শারীরিক শিবা হলো সুনির্দিষ্ট শারীরিক কাজ কর্মের মাধ্যমে শারীরিক, মানসিক, আবেগিক এবং সামাজিক দিক দিয়ে সুনাগরিক হিসেবে গড়ে তোলার লব্ধ্য পৌছানোর চেষ্টা। তাই শিবা ও শারীরিক শিবা একে অপরের পরিপূরক। শারীরিক শিবর জ্ঞান অর্জন না করলে শিবাখীদের শিবা অসম্পূর্ণ থেকে যাবে।

**শারীরিক শিক্ষার প্রয়োজনীয়তা :** শারীরিক শিবা দেহ ও মনের সুসামঞ্জস্য উন্নয়ন সাধন করে। শারীরিক শিবা ছাড়া শিবর পূর্ণতা আসে না। যেসব গুণ থাকলে দেশের প্রতিটি নাগরিক সুস্থ সবল ও দায়িত্বজ্ঞান সম্পন্ন হয়ে গড়ে ওঠে এবং নিজের আবেগ নিয়ন্ত্রণে সবম হয়, শারীরিক শিবা সেই গুণাবলি অর্জনের বিশেষ ভূমিকা রাখে। মানুষ সমাজে স্বীকৃতি পেতে চায়। এই স্বীকৃতির মাধ্যমেই তার ব্যক্তিত্বের বিকাশ ঘটে। তাই নেতৃত্ব ও ব্যক্তিত্ব গঠনেও শারীরিক শিবর গুরুত্বপূর্ণ অবদান আছে। নিচে শারীরিক শিবর বিভিন্ন প্রয়োজনীয়তা ব্যাখ্যা করা হলো –

**শারীরিক প্রয়োজন :**

১. শারীরিক শিবা গতিশীল কাজের জৈবিক প্রয়োজন পূরণ করে।
২. শিবাখীর শারীরিক সবমতা ও কার্যবমতা বৃদ্ধি করে।
৩. শারীরিক শিবা সুস্থ মনের জন্য সুস্থ দেহ গড়ে তোলে।
৪. দৈহিক গঠন সুন্দর ও মজবুত করে এবং রোগ প্রতিরোধ বমতা বাড়ায়।
৫. শিবাখী খেলাধুলার কৌশল শেখার মাধ্যমে খেলাধুলায় পারদর্শিতা অর্জন করে।

**মানসিক প্রয়োজন :**

১. শিশুর মানসিক ও বুদ্ধিমত্তার ভিত গড়ে তোলে।
২. পড়াশোনার একঘেয়েমি দূর করে।
৩. শিবাখীর চারিত্রিক গুণাবলির বিকাশ ঘটায়।
৪. শিবাখীর মনে সৃজনশীলতার অনুভূতি জাগ্রত করে।
৫. বতিকর নেশা থেকে দূরে রাখে।